

Switchover Helpscheme: BENGALI



‘সুইচওভার হেল্প’ বা সম্প্রচার পদ্ধতি রূপান্তরে সাহায্যদান কর্মসূচি

যেসব বয়োবৃদ্ধ এবং প্রতিবন্ধী লোকজনের ডিজিটাল টিভি’র সম্প্রচার দেখা শুরু করায় সমস্যা হতে পারে আমরা তাদের সাহায্য করার জন্য প্রস্তুত।

টিভি সম্প্রচার ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরের ব্যাপারে সাহায্য হাতের কাছেই

ইউকে বা যুক্তরাজ্যের সর্বত্র TV, অর্থাৎ টেলিভিশন সম্প্রচার ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরিত হতে চলেছে এবং অল্প কিছুদিনের মধ্যেই চিরাচরিত TV সংকেত আপনার এলাকায় বন্ধ করে দেওয়া হবে। এই পরিবর্তনের সময়ে যদি আপনার ডিজিটাল TV না থাকে, আপনার TV দেখার সুযোগ আপনি হারাবেন। তবে আপনার দুশ্চিন্তা করার প্রয়োজন নেই, ‘হেল্প স্কীম’ বা সাহায্য কর্মসূচি প্রস্তুত।

এই সাহায্য কর্মসূচি কি করবে?

আমরা যোগ্যতাসম্পন্ন লোকজনকে তাদের একটা TV সেট ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরিত করায় সাহায্য করি। আপনি যদি যোগ্য হন, তাহলে ডিজিটাল TV কি তা আমরা স্পষ্ট ও সহজ ভাষায় আপনাকে বুঝিয়ে বলবো। আপনার সামনে কি কি বিকল্প আছে তা আমরা আপনাকে বলে দেবো। এবং আমরা নিশ্চিত করবো যে এই পদ্ধতি যেভাবে কাজ করছে তাতে আপনি সন্তুষ্ট।

কিভাবে আমি জানবো যে আমার ডিজিটাল TV আছে?

আপনার TV সেটগুলির কোনোটা যদি আপনি পাঁচটার বেশী চ্যানেল ধরতে পারেন, তাহলে সম্ভবতঃ আপনার ইতিমধ্যেই ডিজিটাল TV রয়েছে। তবে আপনার প্রধান টেলিভিশন সেট-এ ডিজিটাল TV ইতিমধ্যেই থাকলেও আপনার বাড়ির আরেকটা TV, যেমন আপনার শোওয়ার ঘরের বা রান্নাঘরের, আমরা রূপান্তরিত করে দিতে পারি।

ডিজিটাল পদ্ধতি ব্যবহার করা আমরা আপনার জন্য সহজ করে দেবো এবং আপনার TV সেট আপনাকে বদলাতেও হবে না।

আমি কি যোগ্য?

আমর এমন প্রত্যেককে সাহায্য করতে পারি যে :

- 75 বছর বা তার বেশী বয়সী, অথবা
- একটা কেয়ার হোম বা যত্নবাসে ছয় মাস বা তার বেশী সময় বাস করেছে, অথবা
- এইসব ভাতার কোনোটা পায় (কিংবা পেতে পারে)
 - ডিজ্‌এবিলিটি লিভিং অ্যালাওয়ান্স বা প্রতিবন্ধী জীবনযাপনের ভাতা, অথবা
 - অ্যাটেন্ড্যান্স বা পরিচর্যা কিংবা কনস্ট্যান্ট অ্যাটেন্ড্যান্স বা অব্যাহত পরিচর্যা ভাতা, অথবা
 - মোবিলিটি সাপ্লীমেন্ট বা চলাফেরায় সাহায্যের জন্য অতিরিক্ত ভাতা, অথবা
- রেজিস্টার্ড অন্ধ কিংবা আংশিক দৃষ্টিশক্তিসম্পন্ন।



Switchover Helpscheme: BENGALI

আমাকে কি এর জন্য খরচ দিতে হবে ?

এই কাজের স্ট্যান্ডার্ড অফার বা সাধারণ প্রস্তাবের খাতে আমরা আপনার কাছে £40 চাইবো, যার মধ্যে থাকবে :

- সহজে ব্যবহারের উপযোগী সরঞ্জাম যা আপনার চাহিদা মেটাতে পারবে।
- এই সরঞ্জাম বসানোর কাজে সাহায্য, যদি আপনি চান।
- এরীয়্যাল-এর অবস্থা পরীক্ষা করা এবং দরকার হলে সেটা বদলানো, যেখানে তা আমরা করতে পারবো।
- এই সরঞ্জাম কিভাবে কাজ করবে তা আপনাকে দেখিয়ে দেওয়া এবং আপনি এটাতে অভ্যস্ত হয়ে ওঠার সময়ে সাহায্যের দরকার হলে কাউকে যেন পাওয়া যায় তার ব্যবস্থা করা।

আপনি যদি পেনসন ক্রেডিট, ইনকাম সাপোর্ট, আয়-সম্পর্কিত এমপ্লয়মেন্ট অ্যান্ড সাপোর্ট অ্যালাওয়ার্ড বা কর্মসংস্থান ও সহায়তা ভাতা অথবা আয়-ভিত্তিক জবসীকার'স অ্যালাওয়ার্ড বা চাকরিপ্রার্থীর ভাতা প্রাপক হন, তাহলে আমাদের এই সেবা পাওয়া যাবে **বিনা খরচে**। অতিরিক্ত খরচের বিনিময়ে এমন অন্যান্য কিছু বিকল্পও পাওয়া যেতে পারে, যা আমরা আপনাকে বুঝিয়ে বলবো।

সাহায্য পাওয়ার জন্য আপনার একটা চালু TV লাইসেন্স (আপনি 75 বছর বয়সী হলে বিনা মূল্যে এটা পাবেন) থাকতে হবে।

এখন আমি কি করবো ?

যদি আপনি যোগ্য হন, আমরা যথেষ্ট সময় থাকতে আপনার কাছে চিঠি লিখে জানতে চাইবো আপনি আমাদের সাহায্য চান কি না।

এমন অন্য কাউকে কি চেনেন যার সাহায্য দরকার ?

আপনার কোন বন্ধুবান্ধবের অথবা পরিবারের লোকজনের অথবা আপনার স্থানীয় কমিউনিটি'র কারো হয়তো এই সুইচওভার বা রূপান্তর প্রক্রিয়ার সময়ে সাহায্য দরকার হবে। যদি তা হয়, এই তথ্য অনুগ্রহ করে তাদের দেবেন।

বিস্তারিত জানার জন্য, **0800 40 85 900** নম্বরে বিনা খরচে আমাদের টেলিফোন করুন অথবা ওয়েবসাইট **helpscheme.co.uk** দেখুন।

লাইন খোলা থাকে সকাল 8 থেকে সন্ধ্যা 8 সোম থেকে শুক্রবার এবং সকাল 8 থেকে সন্ধ্যা 6 শনি ও রবিবার। আপনি যদি মোবাইল ফোন ব্যবহার করেন, টেলিফোন করার খরচ আলাদা হতে পারে।

- আপনি যদি এই তথ্য অন্য কোন সংস্করণে চান, যেমন বড় হরফে ছাপা, সহজে পড়ার উপযোগী অথবা গল্পের বইএর মতো সংস্করণ, ব্রিটিশ সাইন ল্যাংগুয়েজ বা সাংকেতিক ভাষায়, কানে শোনার উপযোগী অথবা অন্য কোন ভাষায়, তাহলে নিঃসংকোচে **0800 40 85 900** নম্বরে টেলিফোন করুন।
- আপনার যদি কানে শোনা অথবা কথা বলার সমস্যা থাকে, আপনি **0800 40 85 936** নম্বরে আমাদের বিনা খরচের টেক্সটফোন সেবার সঙ্গে যোগাযোগ করতে পারেন।



Switchover Helpscheme: BENGALI

সুইচওভার হেল্প স্কীম বা সম্প্রচার পদ্ধতি রূপান্তরে সাহায্যদান কর্মসূচি পরিচালনা করছে BBC, সরকারের সঙ্গে সম্পাদিত এক চুক্তি অনুসারে। ডিজিটাল TV সম্প্রচার দেখা শুরু করায় যেসব বয়োবৃদ্ধ এবং প্রতিবন্ধী লোকজনের সমস্যা হতে পারে আমরা তাদের সাহায্য করছি।

সম্প্রচার পদ্ধতি রূপান্তরে সাহায্যদান প্রক্রিয়ার ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে ডিজিটাল সুইচওভার হেল্প স্কীম লিমিটেড (Digital Switchover Help Scheme Limited)-এর তরফে এই সংস্থা : Carillion Energy Services Limited, 24 Birch Street, Wolverhampton, WV1 4HY. কোম্পানী রেজিস্ট্রেশন নম্বর 3858865.

কোন প্রশ্ন? 0800 40 85 900 নম্বরে ফোন করুন অথবা ওয়েবসাইট helpscheme.co.uk দেখুন।

